নরসিংদীতে ‘বাংলাদেশ স্কাউটস দিবস’ -২০২৫ উদযাপন

হলধর দাস, নরসিংদী:: ”সাহসী ও দায়িত্বশীল আগামীর প্রজন্ম” প্রতিপাদ্যকে সামনে রেখে বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে নরসিংদীতে ‘বাংলাদেশ স্কাউটস দিবস’ উদযাপন করা হয়েছে। বিভিন্ন কর্মসূচির মধ্যে ছিলো: বর্ণাঢ্য র্যালী, বেলুন উড়িয়ে দিবসের উদ্বোধন,জাতীয় ও স্কাউটস পতাকা উত্তোলন,পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম ও আলোচনা সভা।

সকাল ১০টায় জেলা প্রশাসক ও জেলা স্কাউটস এর সভাপতি মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী’র নেতৃত্বে সার্কিট হাউজ প্রাঙ্গন থেকে স্কাউটস সদস্যদের একটি বর্ণাঢ্য র্যালী শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গনের গিয়ে শেষ হয়। সেখানে বেলুন উড়িয়ে স্কাউটস দিবসের শুভ উদ্বোধন শেষে জাতীয় পতাকা ও স্কাউটস পতাকা উত্তোলন করেন যথাক্রমে অনুষ্ঠানের প্রধান অতিথি জেলা প্রশাসক ও জেলা স্কাউটস্ এর সভাপতি মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী এবং জেলা স্কাউটস কমিশনার মো: আলতাফ হোসেন নাজির ।

পতাকা উত্তোলনের পরপরই বছরব্যাপী পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রমের শুভ উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী।

পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে ”সাহসী ও দায়িত্বশীল আগামীর প্রজন্ম” প্রতিপাদ্যকে সামনে রেখে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন নরসিংদী’র জেলা প্রশাসক ও জেলা স্কাউটস্ এর সভাপতি মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন সিভিল সার্জন ডা. সৈয়দ আমিরুল হক শামীম ও অতিরিক্ত পুলিশ সুুপার (সদর সার্কেল) মো: আনোয়ার হোসেন।
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মো: নাজমুল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এ এস এম আবদুল খালেক, জেলা স্কাউটস্ কমিশনার মোঃ আলতাফ হোসেন নাজির, জেলা রোভার সম্পাদক আব্দুল বাতেন । অনুষ্ঠান সঞ্চলনা করেন জেলা স্কাউটস্ সম্পাদক মনজিল এ মিল্লাত ।

এসময় জেলা সহকারী শিক্ষা অফিসার শরিফ রফিকুল ইসলাম, জেলা স্কাউটের সহসভাপতি তাপস কুমার দে, সদর উপজেলা সম্পাদক মোঃ রফিকুল ইসলাম, কোষাধ্যক্ষ মোহাম্মদ সফিকুল ইসলাম, এলটি আকরাম সরকার সুমনসহ জেলা উপজেলা পর্যায়ের স্কাউট� কর্মকর্তা ও ইউনিট লীডার, কাব স্কাউট ও রোভার উপস্থিত ছিলেন।